



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ভাসিত সংস্থা

An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক: এসডিএফ/প্রশা/আ/২০২৪/৮১৫

তারিখ ২১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

এ মর্মে সংশ্লিষ্টগণের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের (এসডিএফ) মানব সম্পদ বিধিমালা অনুযায়ী কর্মীগণের বিভিন্ন ধরণের ছুটি গ্রহণের সুযোগ রয়েছে। চাকরির মেয়াদ শেষে কর্মীগণের অর্জিত ছুটি নগদায়নেরও বিধান রয়েছে। অর্জিত ছুটির অনুমোদন, হিসাব সংরক্ষণ ও অর্জিত ছুটি নগদায়নের তথ্য ব্যবস্থাপনা প্রশাসন বিভাগ হতে পরিচালিত হবে।

২। নৈমিত্তিক ছুটি ছাড়া যাবতীয় ছুটি প্রশাসন বিভাগের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুমোদিত হবে।

৩। মহাব্যবস্থাপক ও তদুর্ধি কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি ব্যবস্থাপনা পরিচালক অনুমোদন করবে। অন্যান্য কর্মীগণের নৈমিত্তিক ছুটি স্ব কর্মীর রিপোর্টিং অথরিটি বা বিভাগ/ শাখা প্রধান অনুমোদন করবেন। অন লাইন ভিত্তিক এমআইএস এ অনুরূপভাবে নৈমিত্তিক ছুটি অনুমোদনেরও অপশন থাকবে।

৪। নিয়মিত অফিসে হাজিরা ব্যবস্থাপনা প্রশাসন বিভাগের আওতায় থাকবে।

৫। এমইএল বিভাগ দ্রুততম সময়ের মধ্যে ছুটি ব্যবস্থাপনা অন লাইন ভিত্তিক এমআইএস এ ফলপ্রস্তুতাবে কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৪/০১/২৪

(মো: নুরুল আমিন)
ব্যবস্থাপনা পরিচালক
টেলিফোন: ৮১০২২৫২৬

অনুলিপি সদয় অবগতির জন্য:

মাননীয় চেয়ারম্যান, এসডিএফ পরিচালনা পর্ষদ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

১. পরিচালক (সকল), এসডিএফ।
২. আঞ্চলিক পরিচালক (সকল), এসডিএফ।
৩. মহাব্যবস্থাপক (সকল), এসডিএফ।
৪. উপমহাব্যবস্থাপক (সকল), এসডিএফ।
৫. ব্যবস্থাপক (সকল), এসডিএফ।
৬. উপব্যবস্থাপক (সকল), এসডিএফ।
৭. সহকারি ব্যবস্থাপক (সকল), এসডিএফ।
৮. সংশ্লিষ্ট নথি।